



জোরপূর্বক এবং বাল্যবিবাহ

অস্ট্রেলিয়াতে কাউকে জোরপূর্বক বিয়ে দেয়া গুরুতর অপরাধ

অস্ট্রেলিয়াতে মানুষ বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার সিদ্ধান্ত মুক্তভাবে নিতে পারেন। সাধারণত, আইনত বিয়ে করতে হলে একজন ব্যক্তির বয়স **18** বছরের বেশি হতে হবে। কোন কোন ক্ষেত্রে **16** বছরের বেশি বয়সের ব্যক্তি বিয়ে করতে পারেন, কিন্তু তার জন্য আদালতের আদেশ নিতে হবে।

বিয়ে করার জন্য একজন ব্যক্তিকে অবশ্যই সম্মতি দিতে হবে, তাকে জোর-জবরদস্তি বা প্রতারণা করা যাবে না।

পরিকল্পিত বিবাহ (অ্যারেঞ্জড ম্যারেজ) উভয়পক্ষের মুক্ত সম্মতিক্রমে হয়ে থাকে যা জোরপূর্বক বিবাহ থেকে আলাদা। অস্ট্রেলিয়াতে পরিকল্পিত বিবাহ বৈধ।

আপনি বা আপনার পরিচিত কেউ বিপদাক্রান্ত হলে **000** নাম্বারে পুলিশকে ডাকুন।
অস্ট্রেলিয়ার পুলিশ নিরাপদ এবং বিশ্বাসযোগ্য।

বিনামূল্যে গোপনীয় পরামর্শ ও সহায়তার জন্য **1800 RESPECT**-এ **1800 737 732** নাম্বারে ফোন করুন।

যদি আপনার বিনামূল্যে একজন দোভাষী প্রয়োজন হয় তাহলে **131 450** নাম্বারে ফোন করুন।

জোরপূর্বক বিবাহের জন্য কাউকে অন্য দেশে নিয়ে যাওয়া বা পাঠানো অথবা অন্য কাউকে দিয়ে এই কাজ করানো অবৈধ।

জোরপূর্বক এবং বাল্যবিবাহের সাথে অনেকসময় মানুষজনকে তাদের ইচ্ছার বিরুদ্ধে অন্য দেশে নিয়ে যাওয়ার বা সীমান্ত অতিক্রম করানোর যোগসূত্র থাকে, এবং এটি অবৈধ।

আপনি, অথবা আপনার পরিচিত কেউ কি এই ঝুঁকিতে আছে?

অস্ট্রেলিয়ান ফেডারেল পুলিশ (এএফপি) (**Australian Federal Police, AFP**)-কে **131 237** নাম্বারে ফোন করুন। এএফপি প্রাথমিক পরামর্শ প্রদান করতে পারে এবং জোরপূর্বক ও বাল্যবিবাহ বা মানব পাচারের শিকার হওয়া ভুক্তভোগীদেরকে সাহায্য করতে পারে, যার মধ্যে রয়েছে বাসস্থান, আর্থিক সহায়তা, কাউন্সেলিং ও আইনি পরামর্শ।

আরো তথ্যের জন্য এএফপি-এর ওয়েবসাইট **www.afp.gov.au** এর লিংক অনুসরণ করুন।

সাহায্য করার জন্য অস্ট্রেলিয়াতে আরো পরিষেবা রয়েছে।

1800 RESPECT হলো অস্ট্রেলিয়ার জাতীয় যৌন নির্যাতন, পারিবারিক এবং গৃহস্থালি সহিংসতা সংক্রান্ত পরামর্শদাতা সেবা (**Australia's National Sexual Assault, Family and Domestic Violence Counselling service**)। বিনামূল্যের এই সেবা টেলিফোনে এবং অনলাইনে গোপনীয় পরামর্শ এবং তথ্য প্রদান করে থাকে। পরামর্শদাতারা আপনার কথা শুনবেন, আপনার প্রশ্নের জবাব দিবেন এবং আপনার স্থানীয় এলাকায় অন্যান্য সহায়তা পরিষেবাগুলো সম্পর্কে আপনাকে পরামর্শ দিতে পারেন।

1800 737 732 নাম্বারে কল করুন অথবা **1800 RESPECT**-এর ওয়েবসাইট **www.1800RESPECT.org.au** এ যান।

আপনার কি একজন দোভাষী প্রয়োজন?

অনুবাদ এবং দোভাষী সেবা (টিআইএস) (**Translating and Interpreting Service**) পেতে বিনামূল্যে **131 450** নাম্বারে ফোন করুন। টিআইএস আপনাকে অন্যান্য পরিষেবাগুলোর সাথে যোগাযোগ করতে সাহায্য করবে। টিআইএস কাউন্সেলিং প্রদান করে না।

জোরপূর্বক বিবাহ এবং মানব পাচার সম্পর্কে আরো তথ্যের জন্য:

এটর্নি জেনারেলের বিভাগ (**Attorney-General's Department**)-এর ওয়েবসাইট **www.ag.gov.au** এর লিংক অনুসরণ করুন।